

# বাংলাদেশিকে বহিকার ভারতের বিশ্ববিদ্যালয়ের

মাস খাওয়া নিয়ে বিতর্ক

আমাদের সময় ডেক্স

২০ জুলাই ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

## আমাদেশেমস্ট্রি



ভারতের রাজধানী দিল্লিতে অবস্থিত সাউথ এশিয়ান ইউনিভার্সিটি কর্তৃপক্ষ বাংলাদেশি একজন পিএইচডি শিক্ষার্থীকে বহিকার করেছে। ছাত্রাবাসে খাবারের মেনুতে মাস নিয়ে বিতর্কের জের ধরে সংঘাতের সূত্রপাত হয়। ঘটনা তদন্তের পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বাংলাদেশি শিক্ষার্থী সুদীপ্ত দাসকে বহিকার করেছে। গত শুক্রবার এ খবর জানিয়েছে এনডিটিভি।

ঘটনাটি চলতি বছর ২৬ ফেব্রুয়ারি। ওই দিন ছিল শিবরাত্রি। বিশেষ ওই দিন খাবার মেন্যুতে মাংস বা আমিষ থাকবে কি না,

তা নিয়ে দুই ছাত্র সংগঠন স্টুডেন্টস ফেডারেশন অব ইন্ডিয়া (এসএফআই) এবং অধিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের (এবিভিপি) মধ্যে উভেজনা দেখা দেয়। দুই পক্ষই একে অপরের বিরুদ্ধে সহিসংতা উসকে দেওয়ার অভিযোগ করে। এসএফআইয়ের দাবি, এবিভিপির সদস্যরা বাকিদের ওপর নিজেদের খাদ্যাভ্যাস চাপিয়ে দেওয়া চেষ্টা করছেন। এ ঘটনাকে ধর্মনিরপেক্ষ মূল্যবোধের ওপর আঘাত হিসেবে দেখছেন বলেও জানিয়েছেন। অন্যদিকে, এবিভিপির ভাষ্য **N** হিন্দু ধর্মাবলম্বীদের উপরাসের দিনে ছাত্রাবাসে আমিষ খাওয়া অসংবেদনশীল আচরণ। এবং এই আচরণ ধর্মীয় সহাবস্থানে বিঘ্ন ঘটায়। ঘটনার দিন পুলিশকে ঢাকা হয়েছিল কিন্তু পুলিশ গিয়ে সেখানে কোনো সহিসতা দেখতে পায়নি।

এদিকে বিশ্ববিদ্যালয়ের এক জ্যেষ্ঠ কর্মকর্তা জানান, প্রষ্টোরিয়াল তদন্তের পর বিশ্ববিদ্যালয় সিদ্ধান্তে পৌঁছেছে যে সুদীপ্ত দাস গুরুতর অসদাচরণ করেছেন। বিশ্ববিদ্যালয় থেকে বহিকার করা হয়েছে এবং ভবিষ্যতে সাউথ এশিয়ান ইউনিভার্সিটির কোনো কোর্সে আবেদন করার সুযোগ থেকে আজীবনের জন্য অযোগ্য ঘোষণা করা হয়েছে তাকে। একই সঙ্গে সুদীপ্ত দাসকে ২৪ ঘণ্টার মধ্যে ছাত্রাবাস ত্যাগ করার নির্দেশ দেওয়া হয়েছে।